

# শুগান্থ

প্রিন্ট: ০২ নভেম্বর ২০২৫, ১০:৫৮ এএম

ক্যাম্পাস

## জাবিতে নবীনদের বরণ করে নিল ছাত্রশিবির



জাবি প্রতিনিধি

প্রকাশ: ০২ নভেম্বর ২০২৫, ০১:৩৭ এএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (৫৪তম ব্যাচ) নবীন শিক্ষার্থীদের  
বরণ করে নিয়েছে ইসলামী ছাত্রশিবির। এ উপলক্ষ্যে শনিবার ‘নবীন বরণ ও ক্যারিয়ার  
গাইডলাইন প্রোগ্রাম-২৫’ আয়োজন করে শিবির।

বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান অভিটোরিয়ামে প্রায় দুই হাজার শিক্ষার্থীর মাঝে উপহার সামগ্রী  
দেয় সংগঠনটি। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) মাহফুজুর রহমান,  
উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, প্রষ্টর অধ্যাপক ড. এ. কে. এম.  
রাশিদুল আলম, ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম, কেন্দ্রীয় প্রকাশনা সম্পাদক  
ও ডাকসু ভিপি সাদিক কায়েম।

আবু সাদিক কায়েম বলেন, বিপ্লীদের আত্মত্যাগের মাধ্যমেই আমরা আজকের নতুন বাংলাদেশ  
পেয়েছি, খুনি হাসিনার বিচার এবং ফ্যাসিবাদের দোসরদের দমনের জন্য আমাদের আন্দোলন  
সংগ্রাম সবসময় চালু রাখতে হবে।

শিবিরের কেন্দ্রীয় সভাপতি জাহিদুল ইসলাম বলেন, বিগত সময়ে ছাত্ররাজনীতি কল্পিত  
হয়েছে। গুপ্ত ট্যাগের বিষয়ে তিনি বলেন, মিথ্যা কথা বার বার বলার মাধ্যমে সমাজে প্রতিষ্ঠিত  
করার পুরোনো পলিসির অংশ হিসেবে উনারা গুপ্ত ট্যাগ দেন। আজকে আমাদের নবীন বরণ  
প্রোগ্রাম প্রকাশ্যে হচ্ছে। ৫ আগস্টের পর আমরা বিভিন্ন ক্যাম্পাসে প্রকাশ্যে কাজ করছি।